

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

নং-১৮.১৪.০১৫৮.১৬০.৬৬.১৫৫.১৮-

তারিখঃ

চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন মোংলা বন্দর হাসপাতালে সম্পূর্ণ অস্থায়ীভাবে চুক্তিভিত্তিক একজন এম,বি,বি,এস, ডিগ্রীধারী মহিলা চিকিৎসক নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা	বেতন
১।	চিকিৎসা কর্মকর্তা (মহিলা)	০১(এক) টি	অনুর্দ্ধ ৪০(চল্লিশ) বৎসর	এম,বি,বি,এস, বিএমডিসি রেজিস্ট্রেশন প্রাপ্ত। অভিজ্ঞ ও গাইনী ও অবসটোট্রিক্সে পোস্ট গ্রাজুয়েশন ট্রেনিং প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	সর্বসাকুল্যে ৩৫,০০০/=

শর্তাবলীঃ

০১। প্রার্থীকে মবক এর ওয়েবসাইট www.mpa.gov.bd এ প্রকাশিত বিজ্ঞপ্তি ও আবেদনফর্ম অনুযায়ী আবেদন করতে হবে।

০২। আবেদন শুরুর তারিখ ১৬/০৭/২০২০ ইং। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও সম্প্রতি তোলা ০৩(তিন) কপি ছবি সংযুক্ত করে এবং খামের উপরে পদের নাম উল্লেখপূর্বক পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা-৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর ২৬/০৭/২০২০ তারিখের মধ্যে ডাকযোগে অথবা হাতে হাতে পৌঁছাতে হবে।

০৩। সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূল সনদ ও ০১(এক) কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যদি থাকে) মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে, যা সরকারি গেজেটেড ১ম শ্রেণীর কর্মচারীর নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণীর কর্মচারীর নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে।


০৪। যোগ্য প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের স্থান, তারিখ ও সময়সূচি মবক এর ওয়েব সাইট- www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে অথবা টেলিফোনের মাধ্যমে জানানো হবে।

০৫। দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিল করা হবে।

০৬। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্তক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৭। আবেদনের ক্ষেত্রে কোনরূপ সমস্যার সম্মুখীন হলে ২৬/০৭/২০২০ তারিখ পর্যন্ত অফিস চলাকালে ০৪৬৬২-৭৫৩৪৫ নম্বরে যোগাযোগ করা যাবে।


২৬/৭/২০২০


মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)
পরিচালক (প্রশাসন)